AKASHVANI (Kolkata)
Regional News Unit

Date : 22-06-24 **Desk in Charge :**

Time : 7-35 AM **Compiling :**

Morning /Day /Evening National/ Regional/ General

Opening Announcement – আকাশবাণী / খবর পড়ছি –

বিশেষ বিশেষ খবর –

১/ কেন্দ্র, প্রতিযোগিতামূলক পরীক্ষাগুলিতে অনিয়ম ও কারচুপি রুখতে কঠোর একটি আইন প্রণয়ন করেছে। আজ থেকেই তা' কার্যকর হচ্ছে।

জুন ২০২৪ এর জয়েন্ট CSIR-UGC-NET পরীক্ষা, অনিবার্য কারণে স্থগিত রাখা হয়েছে।

২/ নতুন তিনটি ফৌজদারি আইন বলবত করার দিন পিছিয়ে দেওয়ার আর্জি জানিয়ে মুখ্যমন্ত্রী প্রধানমন্ত্রীকে চিঠি দিয়েছেন। # বিজেপি মুখ্যমন্ত্রীর এই দাবির বিরোধিতা করেছে।

৩/ কোথাও সরকারি খাস জমি জবর দখল হলে, দ্রুত ব্যবস্থা গ্রহণের জন্য রাজ্য পুলিশের তরফে সব থানাকে নির্দেশ দেওয়া হয়েছে। # এদিকে কলকাতা শহরের সব জমি, সম্পত্তি কর মূল্যায়ণের আওতায় আনা হবে বলে মেয়র জানিয়েছেন।

৪/ আজ স্নান যাত্রা। জৈষ্ঠ পূর্ণিমা তিথিতে জগন্নাথ দেবের এই স্নান যাত্রা পালিত হয়ে থাকে। # আজই শুরু হচ্ছে অম্বুবাচী।

৫/ কলকাতার হেয়ার স্টিটের একটি বহুতলে আগুন লাগার ঘটনায় এলাকায় উত্তেজনা ছড়িয়েছে।

****

কেন্দ্র, প্রতিযোগিতামূলক পরীক্ষাগুলিতে অনিয়ম ও কারচুপি রুখতে কঠোর একটি আইন প্রণয়ন করেছে। আজ থেকেই তা' কার্যকর হবে বলে সরকারি গেজেটে প্রকাশিত এক নির্দেশনামায় কর্মী বিষয়ক দপ্তর জানিয়েছে। এতে সর্বোচ্চ ১০ বছরের কারাবাস এবং এক কোটি টাকা পর্যন্ত জরিমানার সংস্থান রয়েছে।

উল্লেখ্য, পরীক্ষায় কারচুপি ঠেকাতে 'পাবলিক এক্সামিনেশন প্রিভেনশন অফ আনফেয়ার মিন্‌স বিল- ২০২৪' লোকসভায় ৬'ই ফেব্রুয়ারী এবং রাজ্যসভায় ৯'ই ফেব্রুয়ারী পাশ হয়। রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু ১২'ই ফেব্রুয়ারী তা' অনুমোদন করার পর এটি আইনে পরিণত হয়েছে। এই আইনে 'সংঘ লোকসেবা আয়োগ'- UPSC, 'স্টাফ সিলেকশন কমিশন'- SSC, 'ন্যাশনাল টেস্টিং এজেন্সি- NTA, রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের পরিচালিত সমস্ত পরীক্ষা এবং ব্যাঙ্কিং রিক্রুটমেন্টের সব পরীক্ষায় যেকোনোরকম অসাধু উপায় ঠেকাতে সবকরমের ব্যবস্থা গ্রহণের সংস্থান রয়েছে। চিটিং বা টোকাটুকির ক্ষেত্রে ৩ থেকে ৫ বছরের কারাবাস এবং যারা চিটিং-এর মত সংগঠিত অপরাধের সঙ্গে যুক্ত, তাদের ৫ থেকে ১০ বছরের সাজা ও ন্যূনতম এক কোটি টাকার জরিমানার সংস্থান রয়েছে এই আইনে।

****

জুন ২০২৪-এর জয়েন্ট CSIR-UGC-NET পরীক্ষা, অনিবার্য কারণে স্থগিত রাখা হয়েছে। এ মাসের ২৫ থেকে ২৭ তারিখের মধ্যে এই পরীক্ষা হওয়ার কথা ছিল।

National Testing Agency-NTA এক বিবৃতিতে জানিয়েছে, কিছু সমস্যার কারণে এই পরীক্ষা আপাতত পিছিয়ে দেওয়া হচ্ছে। পরে সরকারী ওয়েবসাইট মারফত পরিবর্তিত দিনক্ষণ ঘোষণা করা হবে।

পরীক্ষার্থীদের কোনরকম জিজ্ঞাস্য থাকলে NTA Help Desk এ ০১১-৪০৭৫৯০০০ অথবা ০১১-৬৯২২৭৭০০ এই নম্বরে ফোন করার পরামর্শ দিয়েছে NTA ।

এছাড়া csirnet@nta.ac.in এই ওয়েবসাইট মারফত'ও যোগাযোগ করা যাবে।

****

সুপ্রিম কোর্ট, নিট-UG ২০২৪-এর কাউন্সিলিং প্রক্রিয়ায় স্থগিতাদেশ দেওয়ার আবেদন খারিজ করে ন্যাশনাল টেস্টিং এজেন্সি-NTA-কে নোটিশ পাঠিয়েছে। নিট-UG সংক্রান্ত পৃথক পৃথক আবেদনগুলিকে একত্রিত করে আগামী ৮'ই জুলাই মামলাটির পরবর্তী শুনানির দিন ধার্য্য করেছে।

শীর্ষ আদালত ইতমধ্যেই এই পরীক্ষায় গ্রেস মার্কস দেওয়ার বিষয়টির নিষ্পত্তি করেছে। NTA-এর তরফে গ্রেস মার্কস পাওয়া ১৫'শ ৬৩ জন পরীক্ষার্থীর স্কোর কার্ড শীর্ষ আদালতে জমা দেওয়া হয়। এদের, ২৩শে জুন ফের পরীক্ষায় বসা অথবা গ্রেস মার্কস ছাড়া প্রাপ্ত নম্বরের ভিত্তিতেই কাউন্সিলিং-এ বসা – এর যেকোনো একটি বিকল্প বেছে নিতে বলে সুপ্রিম কোর্ট।

এদিকে, NEET ও UGC-NET পরীক্ষায় দুর্নীতি ও অনিয়মের অভিযোগে কংগ্রেস গতকাল কলকাতায় বিক্ষোভ দেখায়। কংগ্রেসের ছাত্র সংগঠন পশ্চিমবঙ্গ ছাত্র পরিষদের সভাপতি সৌরভ প্রসাদের নেতৃত্বে কংগ্রেসের নেতা কর্মী সমর্থকরা প্রদেশ কংগ্রেস কার্যালয় বিধান ভবন থেকে মিছিল করে মৌলালি মোড় পর্যন্ত যায়।

নিট দুর্নীতি নিয়ে কেন্দ্রীয় সরকারের ভূমিকার তীব্র সমালোচনা করেছেন, প্রদেশ কংগ্রেস সভাপতি অধীর রঞ্জন চৌধুরী। আজ দলের বর্ধিত সভায় যোগ দেওয়ার পর সাংবাদিক বৈঠকে অধীরবাবু বলেন, দুর্নীতির আশ্রয় নিয়ে দেশের লক্ষ লক্ষ ছাত্র-ছাত্রীর জীবন নিয়ে খেলা করা হচ্ছে।

(বাইট- অধীর নিট ৫.১০)

বাম ছাত্র সংগঠন SFI, UGC নেট বাতিল এবং নিট ও কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ে প্রবেশিকা পরীক্ষা ঘিরে অভিযোগ ও বিভিন্ন অসঙ্গতি প্রকাশ পাওয়ায় উদবেগ ব্যক্ত করেছে। সংগঠনের সর্বভারতীয় সাধারণ সম্পাদক ময়ুখ বিশ্বাস গতকাল এর প্রেক্ষিতে কেন্দ্রীয় শিক্ষামন্ত্রীর অবিলম্বে পদত্যাগের দাবি জানিয়েছেন। পাশাপাশি সংগঠনের পক্ষ থেকে সুপ্রিম কোর্টের তত্ত্বাবধানে তদন্তের দাবি জানানো হয়েছে।

(বাইট- ময়ুখ বিশ্বাস)

****

ভারতীয় ন্যায় সংহিতা, ভারতীয় সাক্ষ্য অধিনয়ম এবং ভারতীয় নাগরিক সুরক্ষা সঙ্ঘিতা নামে যে নতুন তিনটি ফৌজদারি আইন আগামী পয়লা জুলাই থেকে চালু

হতে চলেছে, তার বিরোধিতা করে বলবত করার দিন পিছিয়ে দেওয়ার আর্জি জানিয়ে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি প্রধানমন্ত্রীকে চিঠি দিয়েছেন।

গত বছর সংসদের উভয়কক্ষে কোন আলোচনা ছাড়াই ওই তিনটি বিলকে আইনে পরিণত করা হয়েছিল বলে তিনি চিঠিতে উল্লেখ করেছেন। এই নিয়ে বিরোধিতা করায় ১৪৬ জন সংসদকে বহিষ্কার'ও করা করা হয়েছিল। এই বিষয়ে নবনির্বাচিত সংসদদের সামনে ওই তিনটি আইন উপস্থাপন করে আলোচনার আবেদন জানিয়েছেন মুখ্যমন্ত্রী।

এদিকে, বিজেপি মুখ্যমন্ত্রীর এই দাবির বিরোধিতা করেছে। দলের নেতা শমীক ভট্টাচার্য গতকাল সাংবাদিকদের বলেন-

(বাইট- শমীক IPC)

****

কোথাও সরকারি খাস জমি জবরদখল হলে সরকারি নীতি মেনে দ্রুত ব্যবস্থা নেওয়ার জন্যে রাজ্য পুলিশের তরফে সব থানাকে নির্দেশ দেওয়া হয়েছে।

নবান্নে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি জরুরী ভিত্তিতে ডাকা এক প্রশাসনিক বৈঠকে জমি দখল কড়া হাতে রুখতে হবে বলে নির্দেশ দেওয়ার পরেই রাজ্য পুলিশের এডিজি আইনশৃঙ্খলা মনোজ ভর্মা গতকাল ভবানী ভবনে সব জেলার পুলিশ সুপার ও পুলিশ কমিশনারদের সঙ্গে বৈঠক করেন। সেখানেই কোথাও জমি দখলের ঘটনা ঘটলে কোন রাজনৈতিক রঙ না দেখে স্থানীয়দের সহযোগিতায় দ্রুত তা আটকানোর ব্যবস্থা করতে হবে। আইনশৃঙ্খলা নিয়ন্ত্রনে সব ধরনের ব্যবস্থা নিতে হবে বলে'ও নির্দেশ দেওয়া হয়েছে। পুলিশের তরফে জমি সংক্রান্ত বিষয়ে তার নেতৃত্বে একটি উচ্চ ক্ষমতাসম্পন্ন কমিটি তৈরি করা হয়েছে।

****

কলকাতা শহরের সব জমি, সম্পত্তি কর মূল্যায়নের আওতায় আনা হবে বলে রাজ্যের পুর ও নগর উন্নয়নমন্ত্রী, কলকাতার মেয়র ফিরহাদ হাকিম জানিয়েছেন। পুর ভবনে গতকাল সাংবাদিকদের প্রশ্নের উত্তরে তিনি বলেন, কোনো জমির ক্ষেত্রে মালিকের হদিস না পাওয়া গেলে, সে ক্ষেত্রে সেটির মালিকানা পুরসভার নামে করা

হবে। তবে সে ক্ষেত্রে পরবর্তীকালে জমির মালিকানার উপযুক্ত প্রমাণ দিলে তাদের জমির মালিক হিসেবে গণ্য করা হবে।

(বাইট- ফিরহাদ)

অন্যদিকে, শহরে হদিশ না থাকা জমিতে যাতে প্রোমোটাররা বেআইনিভাবে কোন নির্মাণ করতে না পারে, সেদিকে'ও পুরসভা, কড়া নজর রাখবে। যেকোনো বেআইনি নির্মাণের খবর পাওয়া মাত্রই পুরসভা দ্রুত তা' ভেঙে ফেলবে বলে মেয়র স্পষ্ট জানান।

****

কয়লা পাচার কান্ডে CBI, ECL-এর উচ্চপদস্থ এক কর্মী সহ দু'জনকে গ্রেপ্তার করেছে। ধৃতদের মধ্যে রয়েছেন, ECL-এর জেনারেল ম্যানেজার নরেশ কুমার ও তাঁর সহযোগী অশ্বিনী যাদব।

আজ দু'জনকে আসানসোলের বিশেষ CBI আদালতে তোলা হলে বিচারক, সোমবার পর্যন্ত CBI হেফাজত দিয়েছেন।

****

স্বাস্থ্য দফতর এবার সিলিকোসিস আক্রান্তদের চিকিৎসার জন্য গোটা রাজ্য জুড়ে শিবিরের আয়োজন করবে। এতদিন রাজ্যের নির্দিষ্ট কিছু এলাকায় ধরনের শিবির আয়োজন করা হতো। পাশাপাশি এই সিলিকোসিস রোগ সম্পর্কে সচেতনতা প্রচারে আশা কর্মীদের ব্যবহার করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

সাধারণত পাথর খাদান বা মার্বেলের খাদানে যারা কাজ করেন, তাঁদের মধ্যে সিলিকোসিস রোগে আক্রান্তদের সংখ্যা বেশি। সেকারণে পুরুলিয়া, আসানসোল, বীরভূম, রামপুরহাট, পশ্চিম বর্ধমান, ঝাড়গ্রাম এলাকায় এতদিন সিলিকোসিস রোগীদের জন্য শিবির আয়োজন করা হত। এবার রাজ্যের সর্বোত্র এই শিবির করা হবে বেল সিদ্ধান্ত নেওয়া হয়েছে। কেন্দ্রীয় সরকারের অনুদান এলে সেই টাকা দিয়ে আশা কর্মীদের সচেতনতার কাজে লাগানো হবে।

রাজ্য সরকারের তরফে জানানো হয়েছে, সিলিকোসিসে মৃত ও আক্রান্ত পরিবার, যাদের আবেদনপত্র এক বছর আগে জমা পড়েছে, তাদের পেনশন আগামী

এক মাসের মধ্যে শ্রম দফতর দিয়ে দেবে। সিলিকোসিস আক্রান্তের পরিচয়পত্র থাকা শ্রমিকদের বিনা পয়সায় যাতায়াতের বন্দোবস্ত করবে পরিবহণ দফতর।

****

আজ স্নান যাত্রা। জ্যৈষ্ঠ পূর্ণিমা তিথিতে জগন্নাথ দেবের এই স্নান যাত্রা পালিত হয়ে থাকে। ঐতিহ্যবাহী এই উৎসবকে ঘিরে সেজে উঠেছে পুরীর জগন্নাথ মন্দির। এ রাজ্যেও, হুগলির মাহেশের জগন্নাথ মন্দির, ইসকন মন্দির সহ বিভিন্ন স্থানে জগন্নাথ মন্দিরে স্নান যাত্রার আয়োজন করা হচ্ছে। এই উপলক্ষে সকাল থেকেই মন্দিরগুলিতে প্রচুর ভক্ত সমাগম হয়েছে।

উল্লেখ্য, স্নান যাত্রা উপলক্ষে আজ জগন্নাথ দেব, বলরাম ও সুভদ্রাকে মূল মন্দির থেকে নিয়ে আসা হবে পবিত্র স্নান স্থলে। তিনটি বিগ্রহকেই ঘড়া ঘড়া জল ও দুধ দিয়ে স্নান করানোর পর আবার ফিরিয়ে নিয়ে যাওয়া হবে মূল মন্দিরের গর্ভগৃহে। এরপর প্রথা অনুসারে এক পক্ষকাল মন্দিরে দর্শন বন্ধ রাখা হবে। পক্ষকাল পর আগামী ৭ জুলাই হবে রথযাত্রা।

৬২৮ বছরে পদার্পণ করা মহেশের স্নানযাত্রা উপলক্ষে সেখানে জেলা পুলিশের তরফ থেকে সব রকমের নিরাপত্তা ব্যবস্থা নেওয়া হয়েছে।

নদীয়ার মায়াপুর ইস্কনের রাজাপুরের জগন্নাথ মন্দিরে এই উপলক্ষ্যে ভোর থেকেই শুরু হয়েছে আরতি। সকাল সাড়ে আটটায় হবে অভিষেক। দূর দূরান্তের বহু পুণ্যার্থী সেখানে সমবেত হয়েছেন।

এদিকে, আজ অম্বুবাচি'ও শুরু হচ্ছে। তা' ছাড়বে ২৫শে জুন। এই চারদিন সমস্ত দেবী মন্দিরে দর্শন বন্ধ থাকবে। ঢেকে রাখা হবে প্রতিমা।

****

কলকাতার হেয়ার স্ট্রিট থানা এলাকার ৫'নম্বর গার্স্টিন প্লেসে আজ ভোরে একটি চারতলা বাড়ির উপরের তলায় আগুন লাগে। দমকলের ৬'টি গাড়ি আগুন নেভানোর চেষ্টা চালাচ্ছে। সিড়ি ভেঙে যাওয়ায় দমকল কর্মীরা বাড়িটির ভেতরে ঢুকতে পারেন নি। বাইরে থেকে ল্যাডারের সাহায্যে জল দেওয়া হয়। বাড়ির বাসিন্দাদের বের করে আনা হয়েছে বলে পুলিশ সূত্রে জানা গেছে।

বাড়িটির তিনতলায় একটি রাসায়নিকের গুদাম আছে বলে জানা গেছে। সেখান থেকে বিস্ফোরণের শব্দ শোনা যায়। সবুজ জল বেরোতে'ও দেখা যায় বলে স্থানীয়রা জানান। ওই অগ্নিকান্ডের জেরে গোটা এলাকা কালো ধোঁয়ায় ছেয়ে যায়।

****

পদ্মপুকুর জল প্রকল্পের পাইপ লাইনে মেরামতির কাজের জন্য, হাওড়া পুরসভার ৫০টি ওয়ার্ডে আজ জল সরবরাহ বন্ধ থাকবে। বেলা ১২'টা থেকে আগামীকাল সকাল ৬'টা পর্যন্ত এই ওয়ার্ডগুলিতে জল সরবরাহ বন্ধ রেখে ফাটল মেরামত করা হবে বলে হাওড়া পুর নিগমের তরফে এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে।
উল্লেখ্য, একই কারণে জানুয়ারীতে দু-দফায় ও মার্চ মাসের একদিন হাওড়ায় জল সরবরাহ বন্ধ ছিল।

****